**বিশেষ অনুশীলন- ২**

**একাদশ শ্রেণি** **বিষয় কোড- ২৭৭**

**ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট** **পূর্ণমান: ৫০**

**(সৃজনশীল ও বহুনির্বাচনি অংশের সকল প্রশ্নের উত্তর দিতে হবে)**

**বহুনির্বাচনি অংশ (সময়: ৩০ মিনিট)**

১। বিশ্বের মধ্যে সফল এবং সবচেয়ে বড় আঞ্চলিক অর্থনৈতিক জোট কোনটি?
(ক) EU (খ) BIMSTEC (গ) ASEAN (ঘ) G-৮

২। স্মারকলিপিতে উল্লেখ থাকে কোম্পানির−
i. নাম ধারা ii. অবস্থান ধারা ও ঠিকানা ধারা iii. উদ্দেশ্য ধারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩। কর্ণফুলী পেপার মিল কোন সংস্থার অন্তর্ভূক্ত?
(ক) BJMC (খ) BCIC (গ) BTMC (ঘ) BSFIC

৪। কোম্পানি সংগঠনের নামের শেষে ‘লিমিটেড’ শব্দ ব্যবহার করা হয়−
(ক) শেয়ার হোল্ডারদের দায় সীমিত বলে (খ) শেয়ার হোল্ডারদের দায় অসীম বলে
(গ) শেয়ার হোল্ডারদের দায় নির্দিষ্ট বলে (ঘ) শেয়ার হোল্ডারদের দায় নাই বলে

৫। রাষ্ট্রীয় ব্যবসায়ে লোকসানের ফলে কোনটি বৃদ্ধি পায়?
(ক) বেকারত্ব (খ) মুদ্রাস্ফীতি (গ) জাতীয় ঋণ (ঘ) দূর্ভিক্ষ

৬। বাংলাদেশের ব্যবসায়ে সমর্থনমূলক সেবাদানকারী প্রতিষ্ঠান কোনটি?
(ক) BSTI (খ) BSCIC (গ) NBR (ঘ) FBCCI

নিম্নের উদ্দীপকটি পড়ে ৭ও ৮নং প্রশ্নের উত্তর দাও
জনাব আকতার একটি বাণিজ্যিক ব্যাংকে কর্মরত। তিনি নির্মাণ কোম্পানি লিমিটেড-এর প্রতিটি ১০ টাকা মূল্যমানের ১০,০০০টি শেয়ার স্টক এক্সচেঞ্জ থেকে ৩,০০,০০০ টাকা দিয়ে ক্রয় করেছিলেন। বর্তমানে প্রতিষ্ঠানটি লোকসানের সম্মুখীন।

৭। নির্মাণ কোম্পানি লিমিটেড কোন ধরনের কোম্পানি?
(ক) পাবলিক লিমিটেড কোম্পানি (খ) প্রাইভেট লিমিটেড কোম্পানি (গ) হোল্ডিং কোম্পানি (ঘ) সাবসিডিয়ারি কোম্পানি

৮। যদি নির্মাণ কোম্পানি লিমিটেড দেউলিয়া ঘোষিত হয় তাহলে জনাব আকতারকে কতটুকু দায় বহন করতে হবে?
(ক) ১০ টাকা পর্যন্ত (খ) ১০,০০০ টাকা পর্যন্ত (গ) ১,০০,০০০ টাকা পর্যন্ত (ঘ) ৩,০০,০০০ টাকা পর্যন্ত

৯। SME ফাউন্ডেশন আর্থ-সামাজিক ক্ষেত্রে অবদান রাখে−
i. বেকার সমস্যার সমাধানে ii. উন্নত প্রযুক্তির ব্যবহারে সহায়তায় iii. প্রতিনিধিত্বমূলক কাজে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১০। রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে কোনটি সেবা খাতের অন্তর্ভূক্ত?
(ক) বাংলাদেশ বস্ত্রকল সংস্থা (খ) বাংলাদেশ পাটকল সংস্থা (গ) বাংলাদেশ পর্যটন সংস্থা (ঘ) বাংলাদেশ বণিজ্য সংস্থা

১১। কোন্ কোম্পানি সংগঠন পরিমেল নিয়মাবলির পরিবর্তে Table A ব্যবহার করতে পারে?
(ক) কভিড লিমিটেড (খ) ইউনাইটেড প্রাইভেট লিমিটেড (গ) দিদার এন্টারপ্রাইজ (ঘ) রুমেল গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ

১২। ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ কোন জেলাকে কেন্দ্র করে কাজ শুরু করেছিল?
(ক) রাজশাহী (খ) রংপুর (গ) দিনাজপুর (ঘ) বগুড়া

১৩। সম্প্রতি সরকার নিজস্ব একটি প্রতিষ্ঠানের ৪৫ ভাগ শেয়ার বেসরকারি মালিকানায় ছেড়ে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। প্রতিষ্ঠানটির বর্তমান ধরন কী?
(ক) সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক (খ) যৌথ উদ্যোগে ব্যবসায় (গ) অংশীদারি (ঘ) সমবায়

১৪। কোন শেয়ার মালিকদের ভোটাধিকার থাকে না?
(ক) সাধারণ শেয়ার (খ) অগ্রাধিকার শেয়ার (গ) বিলম্বিত শেয়ার (ঘ) অধিকার শেয়ার

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও
সম্প্রতি এমবিএ পাস করে জাহিদ শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সহায়তাকারী প্রতিষ্ঠান থেকে প্লাস্টিক সামগ্রী প্রস্তুতের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি ঢাকার লালবাগে প্লাস্টিক সামগ্রী প্রস্তুতের কারখানা গড়ে তোলেন।

১৫। জাহিদ কোন প্রতিষ্ঠান থেকে সহায়তা গ্রহণ করেছেন?
(ক) বিডিবিএল (খ) ইপসিক (গ) বিসিক (ঘ) বাণিজ্যিক ব্যাংক

১৬। উদ্দীপকের প্রতিষ্ঠানটি জাহিদকে কোন ধরনের সহায়তা প্রদান করেছে?
(ক) অর্থসংস্থানমূলক (খ) সংরক্ষণমূলক (গ) সমর্থনমূলক (ঘ) উদ্দীপনামূলক

১৭। মহামান্য রাষ্ট্রপতির অধ্যাদেশবলে গঠিত কোম্পানি কোনটি?
(ক) সনদপ্রাপ্ত (খ) বিধিবদ্ধ (গ) নিবন্ধিত (ঘ) অ-নিবন্ধিত

১৮। ব্যবসায়ের ধরন অনুযায়ী এসএমই খাতে সর্বনিম্ন ঋণ সীমা কত?
(ক) ১০ হাজার টাকা (খ) ২০ হাজার টাকা (গ) ৪০ হাজার টাকা (ঘ) ৫০ হাজার টাকা

১৯। নিচের কোন সংস্থাটি সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন?
(ক) BCIC (খ) BJMC (গ) BTMC (ঘ) BTTB

২০। যে শেয়ার পুরাতন শেয়ার মালিকদের নিকট বিক্রয় করা হয়, তাকে বলে−
(ক) বোনাস (খ) অগ্রাধিকার (গ) বিলম্বিত (ঘ) রাইট শেয়ার

২১। ব্যবসায়ে সহায়তাদানকারী যে সকল আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সদস্য বাংলাদেশ-
i. বিশ্ব বাণিজ্য সংস্থা ii. আসিয়ান iii. বিমসটেক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। নিচের কোনটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বহির্ভূত?
(ক) ডাকবিভাগ (খ) ওয়াসা (গ) পল্লী বিদ্যুৎ (ঘ) বিটিটিবি

২৩। পাবলিক লিমিটেড কোম্পানির সুবিধাগুলো হলো−
i. চিরন্তন অস্তিত্ব ii. সীমিত দায় iii. সহজ গঠন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও

‘পতাকা’ নামক প্রতিষ্ঠানটি ২০১৯ সালে ২০ কোটি টাকা মুনাফা অর্জন করে। মূলধন অনুপাতে অর্জিত মুনাফার ১৫ কোটি টাকা সংশ্লিষ্ট দেশের জাতীয় কোষাগারে জমা করে। বাকি অংশ মালিকানায় থাকা বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান গ্রহণ করে।

২৪। ‘পতাকা’ নামক প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় সংগঠন?
(ক) একমালিকানা (খ) যৌথ মূলধনী (গ) সমবায় সমিতি (ঘ) রাষ্ট্রীয়

২৫। এরূপ ব্যবসায়ের গড়ে উঠার কারণ হলো−
i. কর্মসংস্থান সৃষ্টি ii. অধিক মুনাফা অর্জন iii. জনকল্যাণ সাধান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। নিচের কোনটি কোম্পানির মূলধন সংগ্রহের দীর্ঘমেয়াদি উৎস?
(ক) বাণিজ্যিক দলিল (খ) দেশীয় মহাজন (গ) ব্যবসায় ঋণ (ঘ) অবলেখক

২৭। নিচের কোন সংস্থাটি আন্তর্জাতিক পর্যায়ে হস্তশিল্পজাত পণ্য মেলার আয়োজন করে?
(ক) BGMEA (খ) BRAC (গ) EPB (ঘ) SME FOUNDATION

২৮। রাষ্ট্রীয় ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র হল-
i. ভারী ও মৌলিক শিল্প ii. জনস্বার্থ সম্পৃক্ত প্রতিষ্ঠান iii. লাভজনক বিনিয়োগ ক্ষেত্র
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। মহসিন এম.কম পাশ করার পর ব্যবসায় করার পরিকল্পনা করছে। উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে তার প্রথমত কোন ধরনের সহায়তা প্রয়োজন?
(ক) উন্নয়নমূলক (খ) সংরক্ষণমূলক (গ) সমর্থনমূলক (ঘ) উদ্দীপনামূলক

৩০। বাংলাদেশে কত সালে PPP নীতি কার্যকর হয়েছে?
(ক) ২০০১ (খ) ২০০৬ (গ) ২০১০ (ঘ) ২০১২

## সৃজনশীল অংশ (সময়: ৪৫ মিনিট)

১। মি. মনির ও তার বন্ধু একত্রিত হয়ে ৫০ কোটি টাকা অনুমোদিত মূলধন নিয়ে একটি ব্যবসায় শুরু করেন। এজন্য তারা যথাযথ কর্তৃপক্ষ থেকে অনুমতি ও নিবন্ধন নেয়। পরবর্তীতে অধিক মূলধনের প্রয়োজন হলে সংগঠনের ধরন পরিবর্তনের সিদ্ধান্ত নেয়। সাধারণ সভায় সর্বসম্মতি নিয়ে অনুমোদিত মূলধন ২০০ কোটি টাকায় উন্নীত করেন। অতঃপর শেয়ার ও ঋণপত্র ইস্যুর মাধ্যমে শেয়ার বাজার থেকে মূলধন সংগ্রহ করেন।

(ক) রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

(খ) বাংলাদেশে কোন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান চিঠিপত্র ও পণ্য পৌছানোর দায়িত্বপ্রাপ্ত? ব্যাখ্যা কর। ২

(গ) প্রথম পর্যায়ের প্রতিষ্ঠানটি কোন ধরনের কোম্পানি সংগঠন ছিল? ব্যাখ্যা কর। ৩

(ঘ) প্রথম ও দ্বিতীয় পর্যায়ের কোন সংগঠনটি বৃহদায়তন প্রতিষ্ঠান স্থাপনে অধিকতর উত্তম? ধরন উল্লেখপূর্বক যুক্তি দেখাও। ৪

২। আত্মপ্রত্যয়ী নারী রহিমা বেগম নিজেকে স্বাবলম্বী করার প্রয়াসে দেশের ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ে সহায়তা প্রদানকারী একটি ফাউন্ডেশন থেকে ঋণ নিয়ে বেত ও মৃৎ শিল্পের কাজ শুরু করেন। এ কাজের মাধ্যমে তিনি ও তার গ্রামের অনেক মহিলাই আর্থিক অবস্থার উন্নতি করেছেন। অন্যদিকে রহিমা বেগমের ভাই একই প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে সিরামিকের ব্যবসায় শুরু করেন। মাঝারি পর্যায়ে তার এ শিল্পের মাধ্যমে তিনিও আজ প্রতিষ্ঠিত।

(ক) সরকারি-বেসরকারি অংশীদারিত্বভিত্তিক ব্যবসায় কী? ১

(খ) রাষ্ট্রীয় ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে রহিমা বেগম ও তার ভাই কোন সংস্থা থেকে সহায়তা পেয়েছেন? বর্ণনা কর। ৩

(ঘ) রহিমা বেগম ও তার ভাইয়ের ন্যায় উদ্যোক্তাদের সফলতার পিছনে উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন কর। ৪